কালের কণ্ঠ

তারিখ ... 19 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# 'মডেল স্কুল' হলেই সরকারীকরণ নয়

## ১৯৫ উপজেলায় নতুন তালিকা হচ্ছে

**নিজস্ব প্রতিবেদক ▷**

উপজেলা পর্যায়ে একটি করে মাধ্যমিক বিদ্যালয় সরকারিকরণ প্রক্রিয়ায় 'মডেল স্কুলগুলো'কে মানদণ্ড হিসেবে গ্রহণের সিদ্ধান্ত থেকে সরে এসেছে সরকার। ফলে সরকারি মাধ্যমিক বিদ্যালয় নেই এমন ১৯৫টি উপজেলা থেকে নতুন করে বিদ্যালয়ের তালিকা সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, দেশের প্রতিটি উপজেলায় একটি করে মাধ্যমিক বিদ্যালয় ও একটি করে মহাবিদ্যালয়কে সরকারিকরণ করার সিদ্ধান্ত বাস্তবায়নে ইতিপূর্বে উপজেলার 'মডেল স্কুল'কে বেছে নেওয়ার সিদ্ধান্ত ছিল। এখন এ সিদ্ধান্ত থেকে সরে এসে প্রতিযোগিতার ভিত্তিতে ভালো বিদ্যালয় সরকারিকরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ কারণে নতুন করে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত হয়েছে।

জানা গেছে, চলতি মাসের প্রথম সপ্তাহে শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ-সংক্রান্ত বৈঠকে ৫৮টি জেলার ১৯৫টি উপজেলা থেকে পাঁচটি করে বিদ্যালয়ের নাম তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মাধ্যমে সংশ্লিষ্ট জেলার শিক্ষা কর্মকর্তাকে (ডিইও) তথ্য পাঠাতে নির্দেশনা দেওয়া হয়েছে। পাঁচটি মানদণ্ডের ভিত্তিতে পাঁচটি বিদ্যালয়ের তালিকা তৈরি করে পাঠাতে বলা হয়েছে। বিদ্যালয়ের স্থাবর-অস্থাবর সম্পদের পরিমাণ, উপজেলা সদর থেকে বিদ্যালয়ের দূরত্ব, ছাত্রছাত্রীর সংখ্যা, বিগত তিন বছর এসএসসি পরীক্ষার পাসের হার, এমপিওভুক্তির তারিখ ও মেয়াদ–এই পাঁচটি তথ্যের ভিত্তিতে তালিকা তৈরি করার নির্দেশনা দেওয়া হয়েছে। দুই-এক দিনের মধ্যে এ-সংক্রান্ত চিঠি সংশ্লিষ্ট উপজেলায় পাঠানো হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ-সংক্রান্ত কমিটির আহ্বায়ক শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ এস মাহমুদ জানিয়েছেন, সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণের কাজ এগিয়ে চলেছে। নির্বাচিত প্রতিষ্ঠানকে নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে নম্বর দিয়ে গ্রেডিং করা হয়ে থাকে। গ্রেডিং অনুসারে তালিকা করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠানো হয়। সেখান থেকেই চূড়ান্ত সিদ্ধান্ত দেওয়া হয়।

উল্লেখ্য, সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক উপজেলায় একটি করে বিদ্যালয় ও মহাবিদ্যালয় জাতীয়করণ করার অংশ হিসেবে গত জুলাইয়ে প্রথম দফায় ৭৯টি বেসরকারি বিদ্যালয় জাতীয়করণের তালিকাও প্রকাশিত হয়েছে। আরো দুই দফায় ২৬৩টি কলেজ সরকারিকরণ হয়েছে।